মন্ত্রিপরিষদ বিভাগের নভেম্বর ২০১৫ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: **নভেম্বর ২০১৫** প্রতিবেদন প্রস্তুতের তারিখ: **১৭ ডিসেম্বর ২০১৫**

(১) প্রশাসনিক :

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	২৪৫	১৯০	৫৫
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	১,২৬৪	৯৪১	৩২৩
মোট	**১,৫০৯**	**১,১৩১**	**৩৭৮**

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	০৯	১২	১৮	১৬	৫৫
দুর্নীতি দমন কমিশন	-	-	৩৫	৪১	১১৩	০৩	১৯২*

* সুপারনিউমেরারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম	গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা
১।	**মন্ত্রিপরিষদ বিভাগ**	-	-	-
২।	**দুর্নীতি দমন কমিশন**	মহাপরিচালক	০১	০১

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	৫৭	-	৫৭	-	-	-	৫ জন পরিচালক , ৯ জন উপ-পরিচালক, ২৯ জন সহকারী পরিচালক, ১২ জন উপসহকারী পরিচালক এবং ২ জন কর্মকর্তাকে কোর্ট পরিদর্শক পদে পদোন্নতি প্রদান করা হয়।

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	১। ১৩-১৪ নভেম্বর ২০১৫ তারিখ সরকারি সফরে গোপালগঞ্জ জেলা পরিদর্শন করেন। ২। ২৬-২৮ নভেম্বর ২০১৫ তারিখ সরকারি সফরে রংপুর বিভাগ পরিদর্শন করেন। ৩। ২৮-২৯ নভেম্বর ২০১৫ তারিখ সরকারি সফরে চট্টগ্রাম জেলা পরিদর্শন করেন।		
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য) : প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	**বর্তমান অর্থ-বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)**	**প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার**	**প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা**	**প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ**	মন্তব্য
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**
National Integrity Strategy Support Project	৫২২.৮৪	৪১৯.৪২ (৮২.৭২%)	-	-	প্রকল্পের কাজ চলমান রয়েছে।
Improving Public Administration and Services Delivery through E-Solution – Improving GRS (Output-3)	৩.০০	-	-	-	-

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে) : প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	**অডিট আপত্তির সংখ্যা**	**টাকার পরিমাণ (লক্ষ টাকায়)**	**ব্রডশিটে জবাবের সংখ্যা**	**নিষ্পত্তির সংখ্যা**	**জের**	**মন্তব্য**
মন্ত্রিপরিষদ বিভাগ	১১টি	০.৩৬৪	০১	০০	১১টি	২০১৩-১৫ (তিন) অর্থ-বছরের নিরীক্ষাকার্য সম্প্রতি সম্পন্ন হয়। উক্ত নিরীক্ষাকার্যে নিরীক্ষা দল কর্তৃক ৪টি অডিট আপত্তি উত্থাপন করা হয়। তন্মধ্যে ১টি আপত্তির বিপরীতে ১৩,৩৮৬ টাকা সরকারি রাজস্ব ক্ষতি হিসাবে উল্লেখ করা হয়। অবশিষ্ট ৩টি অডিট আপত্তি আর্থিক অনিয়ম সংক্রান্ত। এ ছাড়া, বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগে ০৭টি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা ঢাকার ৪র্থ সহকারী জজ আদালতে বিচারাধীন আছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১৭টি	২৮৩.১৫	০০	০০	১৭টি	ত্রিপক্ষীয় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	**৩২টি**	**৯৮৩.৫১৪**	**০৫**	**০০**	**৩২টি**	**-**

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কে ইসের তালিকা: **নেই।**

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০১	-	-	-	-	০১	-
দুর্নীতি দমন কমিশন-১১	-	০১	-	-	১০	০৫

*** প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন কোষে স্থানান্তর করা হয়।**

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১	‘20th Steering Group Meeting’ and 13th Regional Conference Tackling Corruption in Development Projects’ স্থান: মঙ্গোলিয়া।	১৮-২০ নভেম্বর ২০১৫	Asian Development Bank (ADB), Organization for Economic Cooperation and Development (OECD)	এক জন উপসচিব
দুর্নীতি দমন কমিশন	১	৪৭তম সিনিয়র সিকিউরিটি কোর্স	১৫ - ২৬ নভেম্বর ২০১৫	জাতীয় নিরাপত্তা গোয়েন্দা প্রশিক্ষণ ইনস্টিটিউট	এক জন

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনাপ্রযোজ্য নয়।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা:এক জন।

(১০) **উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সঙ্কট**

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকানেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভার চারটি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দুইটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দুইটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির একটি, জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি এবং মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত ছয়টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

(২) ১১ নভেম্বর ২০১৫ তারিখে মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠিত হয়।

(৩) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভা-বৈঠকসমূহে ৩২টি সিদ্ধান্ত গৃহীত হয়। এর মধ্যে ১৪টি বাস্তবায়িত হয় এবং ১৮টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

(৪) ইউনেস্কোর ৩৮তম সাধারণ সম্মেলনে দেশের অভ্যন্তরে মাতৃভাষার উন্নয়ন, সংরক্ষণ এবং বহির্বিশ্বে মাতৃভাষার প্রচার ও প্রসারের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রাখার জন্য আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কে ইউনেস্কোর ক্যাটাগরি-২ প্রতিষ্ঠান হিসাবে স্বীকৃতি প্রদান করা হয়। আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ইউনেস্কো র ক্যাটাগরি-২ প্রতিষ্ঠান হিসাবে উন্নীত হওয়ায় বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা এবং শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ , শিক্ষা মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে মন্ত্রিসভার ০৯ নভেম্বর ২০১৫ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়। সকলের অবগতির জন্য প্রস্তাবটি ১১ নভেম্বর ২০১৫ তারিখে প্রজ্ঞাপন মারফত বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়।

(৫) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারি সফরে ০৩ নভেম্বর ২০১৫ তারিখ মঙ্গলবার ০৮০০ ঘটিকায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি-১০২৭ ভিভিআইপি ফ্লাইট যোগে আবুধাবী হয়ে নেদারল্যান্ডসের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৬) ১৯ নভেম্বর ২০১৫ তারিখে বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় ৩১টি সিদ্ধান্ত গৃহীত হয়।

(৭) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত অক্টোবর দ্বিতীয় পক্ষ ও নভেম্বর প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়। প্রতিবেদনে উপস্থাপিত এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রস্তাব বাস্তবায়নের জন্য বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ এবং সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৮) ১২, ১৮ ও ২৬ নভেম্বর ২০১৫ তারিখে যথাক্রমে লালমনিরহাট, পটুয়াখালী ও চাঁদপুর জেলা রাজস্ব সম্মেলনের সঙ্গে ভিডিও কনফারেন্সিং অনুষ্ঠিত হয়।

(৯) ১৫ নভেম্বর ২০১৫ তারিখে দেশে জঙ্গিবাদের অর্থের উৎস অনুসন্ধান কার্যক্রম আরও জোরদার ও এই কার্যক্রম অধিকতর সমন্বয়ের লক্ষ্যে গঠিত টাস্কফোর্সের সদস্য তালিকায় সংশোধনপূর্বক প্রজ্ঞাপন জারি করা হয়।

(১০) সমরপুস্তক হালানাগাদকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটির ৪২তম ও ৪৩তম সভা যথাক্রমে ১৫ নভেম্বর ও ২২ নভেম্বর ২০১৫ তারিখে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়।

(১১) রেকর্ড অধিশাখায় সংরক্ষণকৃত ০১ জানুয়ারি ২০১১ - ১১ নভেম্বর ২০১২ মেয়াদের ৩৬ বান্ডিল দৈনিক/সাপ্তাহিক পত্রিকা এবং তথ্য অধিদপ্তর থেকে প্রাপ্ত জানুয়ারি ২০১১ থেকে ডিসেম্বর ২০১৪ মেয়াদের ৫০ বান্ডিল দৈনিক পত্রিকাসমূহের পেপার ক্লিপিং বিধি মোতাবেক নিষ্পত্তি করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সাধারণ সেবা শাখায় প্রেরণ করা হয়।

(১২) বিদেশি মান্যবর রাষ্ট্রদূত/হাই কমিশনার কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সচি বগণের যোগদানের অনুমতি সংক্রান্ত ১২ টি পত্র জারি করা হয়।

(১৩) বাজেট বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক প্রতিবেদন প্রণয়নের জন্য ২০০৯-১০ অর্থ-বছর থেকে ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫ এবং ২০১৫-১৬ অর্থ-বছরসমূহের বাজেটে ঘোষিত গুরুত্বপূর্ণ কার্যক্রম/কর্মসূচির প্রথম প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন ১০ নভেম্বর ২০১৫ তারিখে অর্থ বিভাগে প্রেরণ করা হয়।

উপানবাটোরে অনুষ্ঠিত 'Meeting of the Asia pacific law Enforccment Practitioners'-এ অংশগ্রহণ করেন।

(১৪) ঢাকা মহানগরীর ৩১ অক্টোবর ২০১৫ এবং ০৬ নভেম্বর ২০১৫ তারিখে ঘটে যাওয়া চাঞ্চল্যকর ঘটনার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৫) বিভাগীয় কমিশনারগণে র সঙ্গে অনুষ্ঠিত আইন -শৃঙ্খলা এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় সংক্রান্ত অন্যান্য বিষয়াদি সম্পর্কিত সভার কার্যবিবরণীর বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৬) উল্লাপাড়া উপজেলাধীন চর মোহনপুর গ্রামে হিন্দু পরিবারের মহিলাকে ই ভটিজিং ও অন্যান্য সদস্যদের মারধর ও টাকা , গহনা লুটের বিষয়ে প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৭) কুমিল্লা জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনার প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৮) মোবাইল কোর্ট পরিচালনার জন্য অভিনন্দন জ্ঞাপন করে ১৬ নভেম্বর ২০১৫ তারিখে জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা এবং কুমিল্লা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৯) গোপালগঞ্জ জেলার স্পর্শকাতর /চাঞ্চল্যকর ঘটনার প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২০) বাগেরহাট জেলার মাদক চোরাচালান ও অপব্যবহারকারীদের নামের তালিকাসহ বিশেষ প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সচিব, ভূমি মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২১) শেরপুর জেলা কারাগারে বন্দী ৬ জন ভারতীয় নাগরিকের সাজা ভোগ শেষে স্বদেশ প্রত্যাবাসন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২২) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় চার্জশিটভুক্ত ১২ জন, এফ.আর.টি ১৫ জন, নথিভুক্তির ৮১ জন এবং তদন্তে অপরাধ প্রমাণিত না হওয়ায় দুই জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বিভিন্ন স্মারকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(২৩) বিভিন্ন আইনে ১১ জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(২৪) বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ প্রমাপ অনুযায়ী ভ্রমণ, রাত্রিযাপন, পরিদর্শন, দর্শন করেছেন| এ জন্য প্রমাপ অর্জন এবং পরিদর্শন ও রাত্রিযাপন প্রতিবেদন প্রেরণের এ ধারার অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়| জেলা প্রশাসকগণের পরিদর্শনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগের KPI (Key Performance Indicators)-ভুক্ত এবং বিবেচ্য মাসের KPI-এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়|

(২৫) রাশিয়ার মস্কোতে ৩০ নভেম্বর ২০১৫ থেকে ০৪ ডিসেম্বর ২০১৫ মেয়াদে Novovoronezh Nuclear Power Plant পরিদর্শনের জন্য জেলা প্রশাসক, পাবনা এবং উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরদী, পাবনাকে কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করা হয়।

(২৬) ০৭-০৯ ডিসেম্বর ২০১৫ মেয়াদে চীনের বেইজিং অনুষ্ঠেয় ‘Bangladesh, China, India, Myanmar Local Government Cooperation Forum (BCIM)’-তে অংশগ্রহণের নিমিত্ত বিভাগীয় কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী খুলনা, বরিশাল, সিলেট এবং রংপুর বিভাগকে কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করা হয়|

(২৭) ২৭ ডিসেম্বর ২০১৫ থেকে ০৫ জানুয়ারি ২০১৬ মেয়াদে অথবা নিকটবর্তী সময়ে ভিয়েতনামের National Academy of Public Administration-তে অনুষ্ঠেয় ১০৩তম এসিএডি কোর্সের প্রশিক্ষণার্থীদের সঙ্গে জেলা প্রশাসক, খাগড়াছড়ি জনাব মুহাম্মদ ওয়াহিদুজ্জামান এবং জেলা প্রশাসক, ঝিনাইদহ জনাব মোঃ মাহবুব আলম তালুকদারকে বিদেশ প্রশিক্ষণে অংশগ্রহণের বিষয়ে এই বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়|

(২৮) বিভিন্ন দেশের High Commissioner, Ambassador ও দূতাবাসের কর্মকর্তাবৃন্দ বিভিন্ন জেলা সফর করেন। সফরকালে তাঁদেরকে উপযুক্ত সৌজন্য প্রদর্শন, প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ও নিরাপত্তা বিধানের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদান করা হয়।

(২৯) বিবেচ্য মাসে মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১৯ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ৮ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত করার জন্য এবং ৩ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা রুজুর জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(৩০) পাটজাত সামগ্রীর ব্যবহারের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়|

(৩১) জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন কর্মসূচিতে সহযোগিতা প্রদানের জন্য সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩২) সৌর বিদ্যুৎকেন্দ্র স্থাপনের ক্ষেত্রে ভূমির বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৩) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর চট্টগ্রাম ও সিলেট সফর উপলক্ষে সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৪) বাংলা ১৪২২ সালের নবান্ন উৎসব উদ্‌যাপনের বিষয়ে সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৫) কুড়িগ্রাম জেলার দাশিয়ারছড়া (বিলুপ্ত) ছিটমহলের উন্নয়নের বিষয়ে শিক্ষা/প্রাথমিক ও গণশিক্ষা /স্বাস্থ্য ও পরিবার কল্যাণ/কৃষি/ভূমি/যুব ও ক্রীড়া /তথ্য/পরিবেশ ও বন মন্ত্রণালয় এবং স্থানীয় সরকা র /বিদ্যুৎ/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি / ডাক ও টেলিযোগাযোগ বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৬) BBIN Friendship Motor Rally 2015-এর নিরাপত্তার বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরবার পত্র প্রেরণ করা হয়।

(৩৭) দুর্নীতি দমন কমিশনের মহাপরিচালক জনাব মোঃ সহিদুজ্জামান ১৮-২০ নভেম্বর তারিখে পর্যন্ত মঙ্গোলিয়ার

(৩৮) ECRRP-D1 প্রকল্পের আওতায় সংগৃহীত Search and Rescue Boat এবং Small Marine Boat কোস্ট গার্ড, র্যা ব ও ১২টি উপকূলীয় জেলায় হস্তান্তরের বিষয় সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরবার পত্র প্রেরণ করা হয়।

(৩৯) ১৭ নভেম্বর ২০১৫ তারিখে Social Security Policy Support (SSPS) Programme' শীর্ষক কারিগ রি সহায়তা প্রকল্প বাস্তবায়নের জন্য অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক সরকারি-বেসরকারি কার্যক্রম সংক্রান্ত অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়।

(৪০) Scoping Meeting for Training Needs Assessment (TNA) in 'The Building Capacity for the Use of Research Evidence (BCURE) project in Bangladesh' বিষয় সংক্রান্ত পত্রটি সিনিয়র সচিব, বাণিজ্য মন্তণালয়; সচিব, স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়; সচিব, পরিবেশ ও বন মন্তণালয় বরাবর মতামতের জন্য প্রেরণ করা হয়।

(৪১) Scoping Meeting of the Technical Assistance Project titled 'The Building Capacity for the Use of Tesearch Evidence (BCURE) project in Bangladesh for Evidence Informed Policy making (EIMP) সংক্রান্ত সভা ১২ নভেম্বর ২০১৫ তারিখে অনুষ্ঠিত হয়।

(৪২) 'Soceal Security Policy Support (SSPS) Programme' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়।

(৪৩) জাতীয় শুদ্ধাচার কৌশল সহায়তা প্রকল্পের Project Implementation Committee-এর সভা অনুষ্ঠিত হয়। গাজীপুর জেলা সদরে 'Awareness Raising of National Integrity Strategy' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়।

(৪৪) ১১টি মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নের ব্যয় বাবদ এটুআই কর্তৃক বরাদ্দকৃত ১৮,৮৭,৬০০ টাকার চেক প্রেরণ করা হয়।

(৪৫) লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম (এলআরএস) সফট্‌ওয়্যার ডেভেলপমেন্ট সম্পন্ন হয়। বর্তমানে ডাটা এন্ট্রি র কার্যক্রম চলমান রয়েছে। এ পর্যন্ত ১,৯০০টি বইয়ের ডাটা এন্ট্রির কাজ সম্পন্ন হয়।

গ. আগামী দুই (ডিসেম্বর-জানুয়ারি) মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয়সভা অনুষ্ঠান।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৪) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৫) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৬) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি।

(৭) ১৯৮৯ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের দলিলাদির সংরক্ষণের মেয়াদ ২৫ বছর অতিক্রান্ত হওয়ায় তা জাতীয় আরকাইভস-এ হস্তান্তর সংক্রান্ত কার্যক্রম।

(৮) 'Social Security Policy Support (SSPS) Programme' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের বাস্তবায়ন।

(৯) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্ক ফোর্স কমিটির সভা অনুষ্ঠান।

(১০) স্বাধীনতা পুরস্কার, ২০১৬-এর কার্যাবলি সম্পাদন।

(১১) নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(১২) দশম জাতীয় সংসদের ২০১৬ সালে প্রথম অধিবেশনে মহামান্য রাষ্ট্রপতির ভাষণ প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম।

(মো: আবদুল্লাহ হারুন)
উপসচিব
ফোন: ৯৫৫৭৪৪৯
e-mail: report_sec@cabinet.gov.bd